

বিআইটি, রাজশাহীকে বাঁচান

ভাই জাহাঙ্গীর আলম আকাশ, অসংখ্য ধন্যবাদ আপনাকে। অনেক দেরিতে হলেও বিআইটি, রাজশাহীকে আপনার চোখে পড়েছে। কি লিখছেন, কিভাবে লিখছেন—এটা আমার জানার বা শোনার বিষয় নয় কিংবা এ বিষয়ে আমার কোন কৌতূহল নেই। বিআইটি, রাজশাহীকে যে সংবাদপত্রের পাতায় দেখা যাচ্ছে—এটাই বড় বিষয়। রাজশাহীতে সকল পত্রিকারই সাংবাদিক আছেন। বিভিন্ন প্রতিষ্ঠানের খবর তারা দিয়ে থাকেন একমাত্র বিআইটি, রাজশাহী ছাড়া। বাংলাদেশে যে বিআইটি নামে চারটি প্রকৌশল শিক্ষার প্রতিষ্ঠান আছে—সংশ্লিষ্ট ব্যক্তিবর্গই শুধু জানেন। বুয়েট নিয়ে সবাই মাতামাতি করেন, খট করে শব্দ হলেই পত্রিকার পাতায় শিরোনাম হয়ে আসে। অথচ, বিআইটিতে বড় রকম অঘটন ঘটে গেলেও ক্যাম্পাসের বাইরে খবর পৌঁছে না। আর এই সমস্যার জন্য বিআইটি, রাজশাহীর অস্তিত্ব আজ হুমকির সম্মুখীন। এত বেশি সমস্যায় জর্জরিত এ প্রতিষ্ঠানের দিকে কেউ না তাকালে অবস্থা আরও খারাপ হবে—সন্দেহ নেই। ভাই আকাশ, আপনি যেহেতু আমাদের পাশেই আছেন, তাই প্রতিদিন না হোক, সপ্তাহে অন্তত একদিন আমাদের বিআইটিতে আসেন। হলের ছাত্রদের সাথে কথা বলেন, প্রশাসনের সাথে কথা বলেন। আমাদেরকে বাঁচান।

মোঃ সহিদুল ইসলাম
১১৯/লেঃ সেলিম হাল
বিআইটি, রাজশাহী।